# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 MARCH 2026** **7:45—7:55**

---

১। বিধানসভা নির্বাচনের আজ মনোনয়নপত্র দাখিল প্রক্রিয়া সমাপ্ত /শাসক বিরোধী দলের বেশ কয়েকজন প্রার্থীর মনোনয়ন দাখিল ।

২। বরাক উপত্যকার ১৩ টি আসনে হেভিওয়েট প্রার্থীদের আজ মনোনয়ন দাখিল ।

৩। নির্বাচন কমিশনের ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত আধিকারীক মনজিত সিংকে আসাম বিধানসভা নির্বাচনের বিশেষ পর্যবেক্ষক নিয়োগ ।

এবং

৪। পাকিস্তানকে গোপন তথ্য সরবরাহ করার অভিযোগে চাবুয়া সেনা ছাউনীর একজন কর্মচারী গ্রেপ্তার ।

-----------------------------------------------------------------------------------

আসাম বিধানসভা নির্বাচনের মনোনয়ন পত্র দাখিলের আজ অন্তিম দিনে বিভিন্ন জেলায় রাজনৈতিক দলগুলির প্রার্থীরা আজ সংশ্লিষ্ট জেলা নির্বাচনী আধিকারিকের কার্যালয়ে মনোনয়ন পত্র দাখিল করেছেন । বিজেপির প্রবীণ নেতা ও রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ নগাঁওয়ে বিজেপির মিত্রদল অসম গণ পরিষদের কলিয়াবর আসনের প্রার্থী কেশব মহন্তের মনোনয়ন সমাবেশে অংশগ্রহণ করেন । তিনি বোকাখাট আসনের অসম গণ পরিষদ প্রার্থী অতুল বরার মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন । সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে ডঃ শর্মা বলেন-

#বাইট# (সি এম)

এদিকে আসাম প্রদেশ কংগ্রেস সভাপতি গৌরব গগৈ আজ যোরহাটে তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । মনোনয়ন পত্র দাখিলের পর শ্রী গগৈ বলেন

#বাইট# ( গৌরব)

আজ যেসব বিশিষ্ট নেতৃবর্গ মনোনয়ন পত্র জমা দিয়েছেন, তাদের মধ্যে রয়েছেন- বিজেপির-- দিসপুর আসন থেকে প্রদ্যোৎ বরদলৈ, মধ্য গুয়াহাটি থেকে বিজয় গুপ্তা, নিউ গুয়াহাটি থেকে দিপ্লু রঞ্জন শর্মা ছাড়াও রয়েছেন জয়ন্ত মল্ল বড়ুয়া, চন্দ্রমোহন পাটোয়ারী, নারায়ণ ডেকা প্রমুখ । কংগ্রেস প্রার্থীদের মধ্যে রয়েছেন- ছমরিয়া আসন থেকে রেকিব উদ্দিন আহমেদ, কমলপুর থেকে সত্যব্রত কলিতা, হাফলং থেকে রাজ্যের প্রাক্তন মন্ত্রী নন্দিতা গারলোসা ছাড়াও অসম গণ পরিষদের বিশিষ্ট প্রার্থীরা আজ তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

বরাক উপত্যকার তিন জেলার ১৩টি আসনে আজ মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে বিভিন্ন রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীরা আজ তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । কাছাড় জেলার সাতটি বিধানসভা আসনের জন্য বিজেপি, কংগ্রেস, অসম গণ পরিষদ এবং তৃণমূল কংগ্রেসের প্রার্থীরা তাদের মনোনয়ন পত্র দাখিল করেছেন । সবকটি দলের প্রার্থীরা আজ তাদের দলীয় কর্মী-সমর্থকদের নিয়ে জেলা আয়ুক্তের কার্যালয় এবং জেলা উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে মনোনয়ন পত্র জমা দিয়েছেন । শিলচরের জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে আজ সকালে বিজেপি আয়োজিত মনোনয়ন সমাবেশে আসাম প্রদেশ বিজেপি’র সভাপতি দিলীপ শইকিয়া উপস্থিত ছিলেন । পরে জেলা ক্রীড়া সংস্থার মাঠ থেকে জেলা আয়ুক্তের কার্যালয় পর্যন্ত শোভাযাত্রা করে প্রার্থীরা তাদের মনোনয় পত্র জমা দেন । কাছাড় জেলায় আজ বিজেপির পক্ষ থেকে যারা মনোনয়ন পত্র দাখিল করেছেন, তারা হলেন- শিলচর থেকে প্রাক্তন সাংসদ ডাঃ রাজদীপ রায়, উধারবন্দ থেকে রাজদীপ গোয়ালা, লক্ষীপুর থেকে রাজ্যের বর্তমান মন্ত্রী কৌশিক রাই, কাটিগড়া থেকে বর্তমান বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, বড়খলা থেকে প্রাক্তন বিধায়ক কিশোর নাথ এবং ধলাই আসন থেকে অমিয় কান্তি দাস । অপর একটি- সোনাই বিধানসভা আসনে বিজেপির মিত্রজোট অসম গণ পরিষদের প্রার্থী বর্তমান বিধায়ক করিম উদ্দিন বড়ভূইয়াও আজ তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

এদিকে কংগ্রেস দলের প্রার্থীরাও আজ সকালে শিলচরে তাদের দলীয় কার্যালয়- ইন্দিরা ভবনে সমবেত হয়ে সেখান থেকে শোভাযাত্রা করে জেলা আয়ুক্তের কার্যালয়ে গিয়ে মনোনয়ন পত্র দাখিল করেছেন । কাছাড় জেলায় কংগ্রেসের হয়ে আজ যারা মনোনয়ন পত্র জমা দিয়েছেন, তারা হচ্ছেন- শিলচর আসনে শিলচর জেলা কংগ্রেসের প্রাক্তন সভাপতি অভিজিৎ পাল, উধারবন্দ আসনে প্রাক্তন মন্ত্রী অজিত সিং, বড়খলা

আসনে ডাঃ অমিত কালোয়ার, ধলাই আসনে ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, লক্ষীপুর আসনে ডাঃ এম. শান্তি কুমার সিং, সোনাইয়ে রাজ্য বিধানসভার প্রাক্তন উপাধ্যক্ষ আমিনূল হক লস্কর এবং কাটিগড়া আসনে সদ্য কংগ্রেসে যোগদান করা প্রাক্তন বিধায়ক অমরচান্দ জৈন ।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস থেকে উধারবন্দ আসনে তাপস দাস, কাটিগড়া আসনে ফজলুর রহমান লস্কর এবং সোনাই আসনে সাহাজাহান লস্কর প্রার্থী হিসেবে তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

এছাড়া এই জেলায় দুজন নির্দল প্রার্থী আজ মনোনয়ন পত্র দাখিল করেছেন । উধারবন্দ আসনে মিঠুন নাথ এবং বড়কলা আসনে অমলেন্দু দাস আজ তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনে বিজেপি, কংগ্রেস সহ বিভিন্ন রাজনৈতিক দল ও নির্দল প্রর্থীরা আজ মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে জেলা নির্বাচনী আধিকারিকের কার্যালয়ে তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । বিজেপির হয়ে পাথারকান্দি আসনে রাজ্যের বর্তমান মন্ত্রী কৃষ্ণেন্দু পাল, উত্তর করিমগঞ্জ আসনে সুব্রত ভট্টাচার্য এবং রামকৃষ্ণ নগর আসনে বর্তমান বিধায়ক বিজয় মালাকার আজ তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এই জেলার অন্য আসন দক্ষিণ করিমগঞ্জে বিজেপির মিত্র জোট অসম গণ পরিষদের প্রার্থী ইকবাল হোসেন তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এই আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী আজিজ খানও তার মনোনয়ন পত্র দাখিল করেছেন ।

এদিকে কংগ্রেসের পক্ষ থেকে দক্ষিণ করিমগঞ্জ আসনে আমিনুর রশিদ চৌধুরী, উত্তর করিমগঞ্জ আসনে জাকারিয়া আহমেদ ও পাথারকান্দি আসনে কার্তিকসেনা সিন্হা মনোনয়ন পত্র দাখিল করেছেন । উল্লেখ্য- রামকৃষ্ণ নগর আসনে কংগ্রেস প্রার্থী সুরুচী রায় আগেই মনোনয়ন পত্র জমা দিয়েছেন । শ্রীভূমি জেলায় আজ একমাত্র রামককৃষ্ণ নগর আসনে শশাঙ্ক শেখর দাস নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র দাখিল করেছেন ।

---

মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা আসনের জন্য আজ বিভিন্ন রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীরা তাদের মনোনয়ন পত্র দাখিল করেছেন । আজ দুটি আসনের জন্য ২৬ জন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা

দিয়েছেন । হাইলাকান্দি জেলা আয়ুক্তের কার্যালয়ে আজ শান্তিপূর্ণভাবে এই প্রক্রিয়া সম্পন্ন হয়েছে । বিজেপির হয়ে হাইলাকান্দি বিধানসভা আসনে ডঃ মিলন দাস এবং তাদের মিত্র জোট অসম গণ পরিষদের হয়ে বর্তমান বিধায়ক জাকির হোসেন লস্কর আলগাপুর-কাটলীছড়া আসনের জন্য আজ মনোনয়ন পত্র জমা দিয়েছেন । বিজেপির রাজ্য সভাপতি দিলীপ সইকিয়া আজ তাদের সঙ্গে উপস্থিত ছিলেন । এদিকে হাইলাকান্দি আসনে প্রাক্তন বিধায়ক রাহুল রায় কংগ্রেসের প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন । এছাড়া দুই বর্তমান বিধায়ক নিজাম উদ্দিন লস্কর এবং সুজাম উদ্দিন লস্কর আলগাপুর-কাটলীছড়া আসনে নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন । আজ মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে এই জেলায় মোট ৩২টি মনোনয় পত্র জমা পড়েছে । হাইলাকান্দি আসনে বারোটি এবং আলগাপুর-কাটলীছড়া আসনে ২০টি মনোনয়ন পত্র জমা পড়েছে বলে জেলা প্রশাসন সূত্রে জানা গেছে ।

---------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত আধিকারীক মনজিত সিংকে আসাম বিধানসভা নির্বাচনের বিশেষ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে । শ্রী সিং আজ আসামে উপস্থিত হয়েছেন । নির্বাচন স্বচ্ছ ও সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্পর্কে তিনি বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি তথা সামাজিক সংগঠনের সদস্যদের সঙ্গে আলোচনায় মিলিত হবেন । এই সম্পর্কে কোন দাবী আপত্তি থাকলে সংশ্লিষ্ট ব্যক্তিরা বিশেষ পর্যবেক্ষকের সঙ্গে বেলা ১১ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত যোগাযোগ করতে পারবেন ।

---------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারের সাধারণ প্রশাসন বিভাগ আগামী ৯ এপ্রিল ভোট গ্রহণের দিন বন্ধ ঘোষণা করেছে ।ঐদিন সরকারী , বেসরকারী কার্যালয় , বেংক , চাবাগান , ব্যবসায়িক ও বাণিজ্যিক প্রতিষ্ঠান সমুহ বন্ধ থাকবে ।

---------------------------------------------------------------------------------

ডিব্রুগড় জেলার চাবুয়া বায়ুসেনা বাহিনীর ছাউনি থেকে গোপন তথ্য অন্যত্র ফাঁস করার অভিযোগে আজ সুমিত কুমার নামের একজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে । ধৃত সুমিত কুমারের বিরুদ্ধে অর্থের বিনিময়ে ভারতের প্রতিরক্ষা বিভাগের স্পর্শকাতর তথ্য পাকিস্তাকে সরবরাহ করার অভিযোগ উত্থাপন করা হয়েছে । তথ্য অনুযায়ি সুমিত যুদ্ধবিমান এবং মিসাইল ব্যবস্থার অবস্থান সহ বায়ুসেনা ঘাটির আধিকারীক - কর্মচারীদের তথ্য পাকিস্তানে সরবরাহ করেছিল । উত্তরপ্রদেশের বাসিন্দা সুমিত চাবুয়ার বায়ুসেনা ঘাটিতে মাল্টি টাস্কিং ষ্টাফ হিসেবে কর্মরত ছিল । গত জানুয়ারী মাসে

রাজস্থানের জয়সলমের থেকে একজন সন্দেহভাজন ব্যক্তিকে গ্রেপ্তার করার পর সুমিত কুমারের নাম সামনে আসে । তাকে গ্রেপ্তার করার পর জিজ্ঞাসাবাদের জন্য রাজস্থানের জয়পুরে নিয়ে যাওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

সমগ্র দেশ আজ শ্রদ্ধার সঙ্গে স্বাধীনতা সংগ্রামী ভগৎ সিং , রাজগুরু এবং সুখদেবের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে । লোকসভা ও রাজ্যসভায় আজ মহান বিপ্লবীদের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে । লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা শ্রদ্ধা নিবেদন করে বলেন যে ভগৎ সিং , রাজগুরু ও সুখদেবের সাহস, বীরত্ব এবং অতুলনীয় দেশপ্রেম একটি মুক্ত ও শক্তিশালী ভারতের ভীত গড়ে দিয়েছিল । রাজ্যসভার সভাপতি সি পি রাধাকৃষ্ণন শ্রদ্ধা নিবেদন করে বলেন যে ভগৎ সিং, রাজগুরু ও সুখদেবের ত্যাগ কেবল দেশের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসের একটি পৃষ্ঠা নয় , বরং উপনিবেশিক শাসনের বিরুদ্ধে কোটী কোটী ভারতীয়কে ঐক্যবদ্ধভাবে জাগিয়ে তোলার নির্ণায়ক ভূমিকা পালন করে গেছেন ।

এদিকে ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও , মহিলা সংগঠন এ আই এম এস এস এবং কিশোর-কিশোরীদের সংগঠন কমসোমল-এর কাছাড় জেলা কমিটির যৌথ উদ্যোগে আজ শিলচর ক্ষুদিরাম মূর্তির পাদদেশে শহীদ -এ -আজম ভগৎ সিং এর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------